

ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিম্ন	
স্টেশন প্রকৌশলী	
উপস্টেশন প্রকৌশলী	
সহকারী বেতার প্রকৌশলী	
রেডিও টেকনিশিয়ান	✓

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর

৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরগি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা ১২০৭।
www.betar.gov.bd

M Rahman
২৭/০২/২০২৫

স্মারক নং ১৫.৫৩.০০০০.০০০.০১৩.১৩.০৫৬৪.২৫. ২৬৭

তারিখ: ২৬/০২/২০২৫

প্রাপক,

বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক

বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কাফালয়

রংপুর।

বিষয়ঃ আঞ্চলিক প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেতার, রংপুর কেন্দ্রের নিরাপত্তা প্রহরী জনাব আব্দুল মতিন এর পারিবারিক
লাম্প গ্র্যান্ট মঞ্জুরি।

সূত্র: বাংলাদেশ বেতার, রংপুর কেন্দ্রের ২২-০১-২০২৬ তারিখের ১৫.৫৩.৮৫০০.৩১৯.১৩.০০১.২৫.৪৫০ নম্বরপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রালোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ৩০-১০-২০২৫ তারিখের ১৫.৫৩.০০০০.০০০.০১৩.১৩.০৫৬৪.২৫.১২০৭ নম্বর অফিস আদেশে আঞ্চলিক প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেতার, রংপুর কেন্দ্রের নিরাপত্তা প্রহরী জনাব আব্দুল মতিন-এর আবেদনের আলোকে ৩১-১০-২০২৫ তারিখ হতে ঐচ্ছিক অবসর প্রদান করত: ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটিসহ ১৮ (আঠারো) মাসের লাম্প গ্র্যান্ট মঞ্জুরি প্রদান করা হয়।

০২। এমতাবস্থায় জনাব আব্দুল মতিন-এর ১৮ (আঠারো) মাসের লাম্প গ্র্যান্টের অর্থ উক্ত দপ্তরের কর্মচারীর লাম্প গ্র্যান্ট বাজেট খাতে বরাদ্দ না থাকায় তাকে পরিশোধ করা সম্ভব হয়নি। উল্লেখ্য জনাব আব্দুল মতিন ১৮ (আঠারো) মাসের লাম্প গ্র্যান্টের অর্থ উত্তোলনের পূর্বে গত ১০-১২-২০২৫ তারিখে মৃত্যুবরণ করেন। বিধায় তার বিধবা স্ত্রী জনাব মোসা: পারভিন বেগম তার স্বামীর ১৮ (আঠারো) মাসের পারিবারিক লাম্প গ্র্যান্ট মঞ্জুরির জন্য আবেদন করেন।

০৩। প্রেক্ষিতে, মরহুম আব্দুল মতিন এর সর্বশেষ মাসিক মূল বেতন ২১,৮০০/-টাকা হারে ১৮ মাসের সমপরিমাণ টাকা (২১,৮০০×১৮)=৩,৯২,৪০০/- (তিন লক্ষ বিরানব্বই হাজার চারশত টাকা) মাত্র পারিবারিক লাম্প গ্র্যান্ট মঞ্জুরিপূর্বক তাঁর বিধবা স্ত্রী জনাব মোসা: পারভিন বেগম-কে উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

এ ব্যয় আঞ্চলিক প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেতার, রংপুর কেন্দ্রের ২০২৫-২০২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের ছুটি নগদায়ন (কর্মচারী) খাত থেকে মেটানো হবে।

১৫/০২/২০২৫
২২
এ এস এম জাহীদ
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোনঃ ৪৪৮১৩০৬২
ই-মেইল: dg@betar.gov.bd

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহন কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ২। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, রংপুর (মূল চাকরি বই সংযুক্ত)।
- ৩। জনাব মোসা: পারভিন বেগম, স্বামী-মরহুম আব্দুল মতিন, নিরাপত্তা প্রহরী, গ্রাম-তরফবাজিত, ডাকঘর-বড় জামালপুর-৫৭১০, উপজেলা-সাদুল্লাহপুর, জেলা-গাইবান্ধা।
- ৪। গার্ড ফাইল (সংস্থাপন-২)।